



পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন,
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।



পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদের
নিয়োগ বিজ্ঞপ্তি

নং-২৭.১২.০০০০.১১০.৫১.০১২.১১-২৩২১

তারিখঃ ০৫ অক্টোবর, ২০২১ খ্রিঃ।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পাশে শূণ্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা	সর্বসাকুল্যে বেতন (টাকা)
০১	লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক)	১৭০০ (এক হাজার সাতশত) টা। নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম-বেশি হতে পারে।	০১/১০/২০২১ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ থেকে সর্বোচ্চ ২১ বছর হতে হবে। তবে পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার রিডার কাম ম্যালেঞ্জারদের লাইনক্রু হিসেবে নিয়োগের ক্ষেত্রে বয়স ২৫ পর্যন্ত শিথিলযোগ্য।	ক) এসএসসি (বিজ্ঞান) বা সমমান (বিজ্ঞান) পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। বিজ্ঞান বিভাগ ব্যতীত অন্য বিভাগের প্রার্থীদের আবেদনের সুযোগ নেই। খ) পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার রিডার কাম ম্যালেঞ্জারদের মধ্যে শুধুমাত্র বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।	ক) অবশ্যই সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। কঠোর পরিগ্রমসহ বৈদ্যুতিক খুঁটি ও স্থাপনায় উঠা-নামায় সক্ষমতা থাকতে হবে। খ) অবশ্যই দৈহিক পরিগ্রম করার সদিচ্ছা ও স্বাভাবিক প্রবণতা থাকতে হবে। গ) কাজের মাধ্যমে শিক্ষণ এর আগ্রহ ও সক্ষমতা থাকতে হবে। ঘ) অবশ্যই শারীরিক উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, ওজন ন্যূনতম ১১০ পাউন্ড এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ন্যূনতম ৩০ ইঞ্চি এবং স্কীত অবস্থায় ন্যূনতম ৩২ ইঞ্চি হতে হবে। ঙ) ৭ মিনিটে ১ মাইল মিনি-ম্যারাথন দৌড় দিতে এবং প্যারালাল বার এ বিরতিহীনভাবে পর পর ন্যূনতম ৫ (পাঁচ) বার বুক পর্যন্ত উঠা-নামায় সক্ষম হতে হবে। চ) বিদ্যালয়ে শরীর চর্চা বিষয়ক ক্রীড়া কর্মে পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	২৫,০০০.০০

শর্তাবলীঃ-

- নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ওয়েব সাইট (www.rbe.gov.bd) অথবা সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট হতে (সমিতির ওয়েব টিকানা সংশ্লিষ্ট সমিতি হতে সংগ্রহ করা যেতে পারে) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম (ফরম-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম-এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাতিল প্রক্রিয়ায় অর্থাৎ শারীরিক পরীক্ষা/লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।
- লাইনক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে চাকুরীতে যোগদানের সময় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে সমিতি কর্তৃক নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেওয়া হবে।
- আবেদনপত্রের সংশ্লিষ্ট প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) এর ফটোকপি, নাগরিকত্ব সনদ এর ফটোকপি ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাকট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, (নিজ জেলার সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি) -এর অনুকূলে সংশ্লিষ্ট করতে হবে। পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাকট ব্যতীত আবেদনপত্র প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
- কেবলমাত্র শারীরিক যোগ্যতায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে লিখিত (MCQ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যবূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক গোচরিত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ ধরনের চুক্তিভিত্তিক লাইনক্রু নিয়োগের বিপরীতে বছর বছর চুক্তি সাপেক্ষে একটি পবিসে সর্বোচ্চ ০৯টি চুক্তির মেয়াদ পর্যন্ত চাকুরী করতে পারবেন এবং লাইনক্রুগণের চাকুরী কখনই কোন ক্রেমেই নিয়মিত হবে না। ৯ম চুক্তি সমাপনান্তে অভিজ্ঞতা ও সন্তোষজনক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ভিত্তিতে অন্য পবিসে নিয়োগ প্রদান করা যেতে পারে এবং চাকুরীতে বেতন ধাপ অক্ষুণ্ণ থাকবে।
- কোন কারণ দর্শানো ব্যতীতকৈ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক লাইনক্রুগণকে নিজ জেলা ও নিজ সমিতির ভৌগোলিক এলাকা ব্যতীত যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদায়ন করা হবে। নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক লাইনক্রুগণ সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) বছর বয়স পর্যন্ত চাকুরী করতে পারবেন।
- শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে শিক্ষাগত যোগ্যতার মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীদের উপস্থিতির সময়, তারিখ ও আবেদনপত্রসহ উপস্থিতির স্থানঃ

ক্রঃ নং	উপস্থিতির সময় ও তারিখ	স্থান
০১।	৩০/১০/২০২১ খ্রিঃ, সকাল ৯:০০ ঘটিকা।	নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতিতে আবেদনপত্র ও চাহিত কাগজপত্রসহ উপস্থিত হবেন।

১৩। নিম্নবর্ণিত ছক অনুযায়ী আবেদনকারী তার নিজ জেলার পার্শ্বে বর্ণিত পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ও চাহিত কাগজপত্রাদিসহ সকাল ৯:০০ ঘটিকায় উপস্থিত হবেনঃ

ক্রঃ নং	প্রার্থীর নিজ জেলা	প্রার্থী যে সমিতিতে আবেদনসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা	ক্রঃ নং	প্রার্থীর নিজ জেলা	প্রার্থী যে সমিতিতে আবেদনসহ উপস্থিত হবেন উক্ত সমিতির ঠিকানা
১	ঢাকা	ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, নবীনগর, ঢাকা।	৩৩	বাগেরহাট	বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, মগরাহাট, বাগেরহাট।
২	মানিকগঞ্জ	মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মুলদান, মানিকগঞ্জ।	৩৪	পঞ্চগড়	ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
৩	টাংগাইল	টাংগাইল পল্লী বিদ্যুৎ সমিতি, আশেকপুর, টাংগাইল।	৩৫	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
৪	জামালপুর	জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলচিয়া, জামালপুর।	৩৬	দিনাজপুর	দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।
৫	শেরপুর	শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর।	৩৭	নীলফামারী	নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি, সুটিপাড়া, নীলফামারী।
৬	ময়মনসিংহ	ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুন্সীগঞ্জ, ময়মনসিংহ।	৩৮	লালমনিরহাট	কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
৭	নেত্রকোনা	নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশ, নেত্রকোনা।	৩৯	কুড়িগ্রাম	কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।
৮	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ।	৪০	রংপুর	রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, শটিবাড়ী, রংপুর।
৯	গাজীপুর	গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চন্দনা, গাজীপুর।	৪১	গাইবান্ধা	গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা।
১০	নরসিংদী	নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী।	৪২	জয়পুরহাট	জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট।
১১	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।	৪৩	নওগাঁ	নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকরিয়া, নওগাঁ।
১২	মুন্সীগঞ্জ	মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।	৪৪	বগুড়া	বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১, ছিলিমপুর, বগুড়া।
১৩	রাজবাড়ী	রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমাড়া, রাজবাড়ী।	৪৫	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আড়া/এস, সিরাজগঞ্জ।
১৪	ফরিদপুর	ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।	৪৬	পাবনা	পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাঁটমোহর, পাবনা।
১৫	গোপালগঞ্জ	গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারাগরগাতি, গোপালগঞ্জ।	৪৭	নাটোর	নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বনপাড়া, নাটোর।
১৬	মাদারীপুর	মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুক্তাপুর, মাদারীপুর।	৪৮	রাজশাহী	রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী।
১৭	শরীয়তপুর	শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াবাখানা, শরীয়তপুর।	৪৯	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ।
১৮	বরিশাল	বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২, রহমতপুর (কোডেট কলেজ), বরিশাল।	৫০	সুনামগঞ্জ	সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, ওয়েজখালী, সুনামগঞ্জ।
১৯	ভোলা	ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলা বাজার, ভোলা।	৫১	সিলেট	সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট।
২০	পটুয়াখালী	পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী।	৫২	মৌলভীবাজার	মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঞ্চাল, মৌলভীবাজার।
২১	বরগুনা	পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী।	৫৩	হবিগঞ্জ	হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।
২২	পিরোজপুর	পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হলারহাট, পিরোজপুর।	৫৪	ব্রাহ্মণবাড়ীয়া	ব্রাহ্মণবাড়ীয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিন সুহিলপুর, ব্রাহ্মণবাড়ীয়া।
২৩	ঝালকাঠি	ঝালকাঠি পল্লী বিদ্যুৎ সমিতি, প্রতাপ, নলছিটি, ঝালকাঠি।	৫৫	কুমিল্লা	কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা।
২৪	কুষ্টিয়া	কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, বারখাদা, কুষ্টিয়া।	৫৬	চাঁদপুর	চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর।
২৫	মেহেরপুর	মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।	৫৭	লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর।
২৬	চুয়াডাঙ্গা	মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।	৫৮	নোয়াখালী	নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী।
২৭	কিনাইদহ	কিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, কিনাইদহ।	৫৯	ফেনী	ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী।
২৮	মাগুরা	মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালা, মাগুরা।	৬০	চট্টগ্রাম	চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পট্টমা, চট্টগ্রাম।
২৯	নড়াইল	যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, মনিরামপুর, যশোর।	৬১	খাগড়াছড়ি	চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম।
৩০	যশোর	যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, মনিরামপুর, যশোর।	৬২	রাঙ্গামাটি	চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম।
৩১	সাতক্ষীরা	সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেনঘাটা, সাতক্ষীরা।	৬৩	বান্দরবান	চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, পট্টমা, চট্টগ্রাম।
৩২	খুলনা	খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, টিকরাবন্দ, খুলনা।	৬৪	কক্সবাজার	কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, বিলজং, কক্সবাজার।



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

পবি/জন (

) ২০২১-২০২২

পরিচালক
পবিস মানব সম্পদ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।